VOL: 02 | NO: 01 | NOVEMBER 2020
ISSN: 2708 -7689

# সংগীত শেকড়

# ROOTS OF MUSIC

A Multilingual Peer Reviewed Journal

ICBM
International Center for Bengali Music
আন্তর্জাতিক বাংলা সংগীত কেন্দ্র
www.icbmbd.com
www.poetnazrul.com

CamScanner

## Instructions to Contributors

1. Originality in writing is the sine qua non of any article intended to be published.
2. Article submission formalities-
   a. The Article must be submitted with a hardcopy.
   b. Colored passpport size photograph of the author with full name in block letters at the back of the photograph.
   c. The article must be restricted at the maximum length of 3000 words while composed.
   d. When in english on A4 size paper using Times New Roman font, font size 14, maintaining space 1.5 in between lines.
   e. When in Bengali on A4 size paper using SutonnyMJ font, font size 14, maintaining space 1.5 in between lines.
3. While composing information given in superscript the author needs to address with foot note. As Abcd1.
4. Author is needed using inverted comma (" ") while composing from any included books.
5. Copyright: Copyright of each published article shall belong to ICBM
6. The author will get a complimentary copy of the journal containing his/her article thereof.
7. Return of manuscript: No manuscript will be returned whether accepted for the publication or not.


## "International Centre for Bengali Music"



©international center for bengali music

Declaration & Prohibition
All rights reserved by ICBM. No part of this publication can be reproduced or transmitted in any form or by any way means in electronic media, print media and social media, recording or photocoy without any consent from ICBM.



## PUBLISHED BY:

International Center for Bengali Music(ICBM)
আন্তর্জাতিক বাংলা সংগীত কেন্দ্র (আবাসক)

## PUBLISHED IN:

November, 2020, 2nd Edition

## PRICE:

10.00 $, BDT 300

## COVER DESIGN:

Abu Sayed Ahmed



CamScanner

## Peer Body


01. **Dr. K M Saiful Islam Khan**, Professor, Department of Persian Language and Literature, University of Dhaka, Dhaka, Bangladesh.

02. **Dr. Sabyasachi Sarkhel**, Professor, Department of Hindustani Classical Music, Visva Bharati University, West Bengal, India.

03. **Dr. Mohoshina Akter Khanom (Leena Taposi)**, Associate Professor, Department of Music, University of Dhaka, Dhaka, Bangladesh.

04. **Dr. Abdullah Al Maruf**, Professor, Department of Arabic, University of Dhaka, Dhaka, Bangladesh.

05. **Dr. Kuheli Islam**, Associate Professor, Department of Music, University of Dhaka, Dhaka, Bangladesh.

06. **Dr. Nupur Ganguly**, Associate Professor, Department of Vocal Music, Rabindra Bharati University, Kolkata, India.

07. **Anamul Haque**, Assistant Professor, Department of Music, University of Dhaka, Dhaka, Bangladesh.

08. **Anima Roy**, Assistant Professor, Department of Music, Jagannath University, Dhaka, Bangladesh.

09. **Malini Mukherjee**, Assistant Professor, Department of Rabindrasangeet, Sangeet Bhaban, Visva Bharati, West Bengal, India.


## Editorial Board


### Editor

**Dr. Mohoshina Akter Khanom (Leena Taposi)**, Associate Professor, Department of Music, University of Dhaka, Dhaka, Bangladesh.

### Member

**Dr. Rafiqul Islam**, National Professor, Emeritus Professor of ULAB, Dhaka, Bangladesh.

**Prof. Dr. Biswajit Ghosh**, Vice Chancellor, Rabindra University, Shahjadpur, Bangladesh.

**Prof. Dr. Asit Roy**, Department of Music, University of Rajshahi, Bangladesh.

### Convenor

**Salma Khan**, Principal, Lyceum International School, Lalmatia, Dhaka, Bangladesh.


CamScanner

# Index


| | | |
|---|---|---|
| 01. কাজী নজরুল ইসলামের গানে রাগমিশ্রণ ও তার পরিবেশনা | ড. অসিত রায় | 01 |
| 02. আজাদ রহমানের সুরে নঈম গওহরের কথায় দুটি অবিস্মরণীয় গান: প্রেক্ষাপট এবং সাংগীতিক সৌকর্য | ড. পদ্মিনী দে | 10 |
| 03. কাজী নজরুলের গানে স্বধর্ম ভাবনা ও অধ্যাত্মবোধ | ড. মহসিনা আক্তার খানম | 19 |
| 04. ইসলামী পুনর্জাগরণের কবি কাজী নজরুল ইসলাম | ড. শামসুল আলম ও ড. তাসনিম আলম | 29 |
| 05. The praise of the Name of Prophet Muhammad (pbuh) in Nazrul's songs by the inspiration of Persian Poets | Mahadi Hassan | 37 |
| 06. বাংলা গানের চিরস্মরণীয় গায়ক মান্না দে | দেবাশীষ বেপারী | 48 |
| 07. বাংলার প্রতিবাদী গান | ড. মোস্তারী আহমেদ | 58 |
| 08. নজরুলের সুরে ভৈরবী রাগ রূপের প্রয়োগ ও বিশ্লেষণ | অরূপ বিশ্বাস | 64 |
| 09. কবিগানের রূপ বিবর্তনে কবিয়াল বিজয় সরকারের ভূমিকা | সাবিত্রী ঝুরি | 78 |
| 10. ঊনবিংশ শতকে যাত্রাগান ও কথকতা গানের ইতিহাস | মাভিন দাস | 86 |
| 11. Evolution of Tillana in South Indian Music | Chhandam Biswas | 93 |
| 12. বাংলা সঙ্গীতের অনুপ্রেরণা ও পৃষ্ঠপোষকতায় বঙ্গবন্ধু | মো. তারেকুল ইসলাম | 100 |


CamScanner

# বাংলা গানের চিরস্মরণীয় গায়ক মান্না দে

দেবাশীষ বেপারী*

*সারসংক্ষেপ*

*বর্তমান সময়ে বাঙালির বাংলা গানের যে সমৃদ্ধি সাধন হয়েছে, যে বিশিষ্টতায় বর্তমান আধুনিক গান উপনীত হয়েছে সেই আধুনিক গানের অমর শিল্পী ও সুরকার মান্না দে (১৯১৯-২০১৩)। গানে সুর প্রয়োগের কৌশলের নিপুণতা এবং আপন কণ্ঠের সুললিত মাধুর্যে, মান্না দে আধুনিক বাংলা গান ও চলচ্চিত্রের গানে প্রাণ প্রতিষ্ঠা করেছেন। পঞ্চাশের দশক থেকে আধুনিক গান (বেসিক গান) রেকর্ড করা, ছায়াছবির গানে কণ্ঠ দেয়া, ছায়াছবিতে সংগীত পরিচালনা করা সহ নানামুখী সৃজনশীল কর্মযজ্ঞে তাঁর জীবনের বেশিরভাগ সময় নিয়োজিত রেখেছেন নিজেকে। কাকা কৃষ্ণচন্দ্র দে'র হাতে সংগীতের প্রথম হাতেখড়ি তাঁর। হিন্দুস্তানি সংগীতের তালিম নিয়েছেন ভারত বিখ্যাত সঙ্গীতগুণীদের কাছে। আধুনিক বাংলা গান ও চলচ্চিত্রের গান সব মিলিয়ে প্রায় সাড়ে তিন হাজার গান রেকর্ড করেন মান্না দে। ১৯৪৩ সালে 'তামান্না' চলচ্চিত্রে গায়ক হিসেবে মান্না দে'র প্রথম গান গাওয়া শুরু। গায়কীর পরিশীলিত উপস্থাপনের অনন্যতার জন্য কালজয়ী শিল্পী হয়েছেন মান্না দে। পুলক বন্দ্যোপাধ্যায়, গৌরীপ্রসন্ন মজুমদার, সুধীন দাশগুপ্ত, নচিকেতা ঘোষ সহ অসামান্য গীতরচয়িতা ও সুরকারদের সাথে মান্না দে'র স্মৃতিকথা, গান রচনার ইতিহাস উল্লেখ করা হয়েছে এ প্রবন্ধে। আধুনিক বাংলা গানে ও ছায়াছবির গানে মান্না দের গাওয়া ও সুরকরা অসংখ্য গান বিপুল জনপ্রিয় হয়েছে। পঞ্চাশ ও ষাটের দশকের আধুনিক ধারার সে গানে বেশি ছিল- বিরহভার আর গানের অনুষঙ্গে ছিল- হৃদয়রাজ্য করুণ করা কথা ও সুর। শ্রোতানন্দিত অমর গীতস্রষ্টা ও গায়ক মান্না দে যেসব স্মৃতিময় গান দিয়ে তাঁর শিল্পী জীবনে বাংলা গানকে স্মরণীয় ও বরণীয় করেছেন– তারই একটি রূপ চিত্রিত হয়েছে এ প্রবন্ধে।*

*Abstract*

*The prosperity of Bengali music has been achieved at the present time, the specialty of modern music has arrived, Manna dey (1919-2013) is the immortal artist and composer of that modern Bengali songs. Manna dey has established his life to establish the soul in modern Bengali songs and film songs with the skill of applying the tone of the song by tactical mastery and the melodious melody of his voice. Since the fifties, he has devoted most of his life to various creative endeavors, including recording modern songs (basic songs) giving voice in the film song, music direction in the film. The beginning of his music education was started by his uncle Krishna Chandra Dey. He learned Hindustani music from famous Indian musicians. Manna Dey recorded about three and a half thousand modern Bengali songs and film songs. In 1943, Manna Dey started singing for the first time as a playback singer in the film 'Tamanna'. Manna Dey has become a timeless artist for the uniqueness of the sophisticated presentation. Manna dey's memoirs with outstanding lyricists*

*সহকারী অধ্যাপক, সংগীত বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ।



CamScanner

# বাংলা গানের চিরস্মরণীয় গায়ক মান্না দে

দেবাশীষ বেপারী*

*সারসংক্ষেপ*

*বর্তমান সময়ে বাঙালির বাংলা গানের যে সমৃদ্ধি সাধন হয়েছে, যে বিশিষ্টতায় বর্তমান আধুনিক গান উপনীত হয়েছে সেই আধুনিক গানের অমর শিল্পী ও সুরকার মান্না দে (১৯১৯-২০১৩)। গানে সুর প্রয়োগের কৌশলের নিপুণতা এবং আপন কণ্ঠের সুললিত মাধুর্যে, মান্না দে আধুনিক বাংলা গান ও চলচ্চিত্রের গানে প্রাণ প্রতিষ্ঠা করেছেন। পঞ্চাশের দশক থেকে আধুনিক গান (বেসিক গান) রেকর্ড করা, ছায়াছবির গানে কণ্ঠ দেয়া, ছায়াছবিতে সংগীত পরিচালনা করা সহ নানামুখী সৃজনশীল কর্মযজ্ঞে তাঁর জীবনের বেশিরভাগ সময় নিয়োজিত রেখেছেন নিজেকে। কাকা কৃষ্ণচন্দ্র দে'র হাতে সংগীতের প্রথম হাতেখড়ি তাঁর। হিন্দুস্তানি সংগীতের তালিম নিয়েছেন ভারত বিখ্যাত সঙ্গীতগুণীদের কাছে। আধুনিক বাংলা গান ও চলচ্চিত্রের গান সব মিলিয়ে প্রায় সাড়ে তিন হাজার গান রেকর্ড করেন মান্না দে। ১৯৪৩ সালে 'তামান্না' চলচ্চিত্রে গায়ক হিসেবে মান্না দে'র প্রথম গান গাওয়া শুরু। গায়কীর পরিশীলিত উপস্থাপনের অনন্যতার জন্য কালজয়ী শিল্পী হয়েছেন মান্না দে। পুলক বন্দ্যোপাধ্যায়, গৌরীপ্রসন্ন মজুমদার, সুধীন দাশগুপ্ত, নচিকেতা ঘোষ সহ অসামান্য গীতরচয়িতা ও সুরকারদের সাথে মান্না দে'র স্মৃতিকথা, গান রচনার ইতিহাস উল্লেখ করা হয়েছে এ প্রবন্ধে। আধুনিক বাংলা গানে ও ছায়াছবির গানে মান্না দের গাওয়া ও সুরকরা অসংখ্য গান বিপুল জনপ্রিয় হয়েছে। পঞ্চাশ ও ষাটের দশকের আধুনিক ধারার সে গানে বেশি ছিল- বিরহভার আর গানের অনুষঙ্গে ছিল- হৃদয়রাজ্য করুণ করা কথা ও সুর। শ্রোতানন্দিত অমর গীতস্রষ্টা ও গায়ক মান্না দে যেসব স্মৃতিময় গান দিয়ে তাঁর শিল্পী জীবনে বাংলা গানকে স্মরণীয় ও বরণীয় করেছেন– তারই একটি রূপ চিত্রিত হয়েছে এ প্রবন্ধে।*

*Abstract*

*The prosperity of Bengali music has been achieved at the present time, the specialty of modern music has arrived, Manna dey (1919-2013) is the immortal artist and composer of that modern Bengali songs. Manna dey has established his life to establish the soul in modern Bengali songs and film songs with the skill of applying the tone of the song by tactical mastery and the melodious melody of his voice. Since the fifties, he has devoted most of his life to various creative endeavors, including recording modern songs (basic songs) giving voice in the film song, music direction in the film. The beginning of his music education was started by his uncle Krishna Chandra Dey. He learned Hindustani music from famous Indian musicians. Manna Dey recorded about three and a half thousand modern Bengali songs and film songs. In 1943, Manna Dey started singing for the first time as a playback singer in the film 'Tamanna'. Manna Dey has become a timeless artist for the uniqueness of the sophisticated presentation. Manna dey's memoirs with outstanding lyricists*

*সহকারী অধ্যাপক, সংগীত বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ।



CamScanner

*and composers including Pulok Bandyopadhyay, Gouriprasanna Majumdar, Sudhin Dasgupta, Nachiketa Ghosh and the history of songwriting are mentioned in this article. Numerous songs sung and composed by Manna Dey in modern Bengali songs and film songs have become hugely popular. In the modern genres of the fifties and sixties, there was a lot of pathetics, and the lyrics were accompanied by heartfelt words and melodies. The delighted immortal musician and Singer Manna Dey has made Bengali music memorable and appreciative in his artistic life with his memorable songs- it is mentioned in this article.*

মান্না দে'র গানে যে সম্মোহনী শক্তি তাতে বাঙালি শ্রোতারা কল্পলোকে বহুদূরের পথে হারিয়ে গিয়েও, পথের দিশা খুঁজে পান আজও। বাঙালি শ্রোতাদের চিরদিনের গানই গেয়েছেন মান্না দে। হৃদয়ের মধ্যে ভালোবাসার স্মৃতি রেখে দেওয়ার সকরুণ আকুতিতে ভরা তাঁর সেসব গান বাঙালির হৃদয় আসরে আজও ঝংকার তোলে নিয়ত। মান্না দে'র সে গান– নিবিড় আঁধারে আঁখি জল না ফেলার অনুনয়ের গান, জোছনায় সাথী নিয়ে নিশি জাগার গান, নিরালায় অলস বীণে সুর বাঁধার গান। তাঁর সে গান যেন বাঙালির অবুঝ বেদনার গান, নীড় ভাঙ্গা ঝড়ে খেলাঘর গড়ার গান। সারা জীবন ধরে মান্না দে গেয়েছেন মধু মায়ার তৃষ্ণাকে কাছে ডাকার গান, শ্রান্ত হেমন্ত সন্ধ্যায় আকাশপ্রদীপ জ্বালানোর গান, অনেক যত্ন করে দুঃখ দেয়ার গান, হৃদয়ে লেখা নামের গান, ভালোবাসার রাজপ্রাসাদের গান, মধুর স্বপনের অনুষঙ্গের গান। মান্না দে'র গান আজও মুগ্ধতা ছড়ায় সমগ্র বাঙালির প্রাণে। স্মৃতির মুকুরে যে রানীর ছায়া আজো পড়ে আছে, ব্যাকুল তিয়াসায় পূজার ছলে ঠাকুর ঘরে বসে সে আজো তার প্রিয়তমের কথা ভাবে– এমন হাজারো অনুভূতির মান্না দে'র গাওয়া গান বাঙালি শ্রোতাদের আজীবন শুধু মুগ্ধতার আবেশে জড়িয়ে রাখবে। প্রাণে প্রশান্তির পরশ জোগাবে, মান্না দে'র কণ্ঠের গায়কী, মান্নাদের সুর। আজও পর্যন্ত কোটি বাঙালির অন্ধপরান জীবনের আঙিনায় প্রিয়াকে খুঁজে বেড়ায় মান্না দে'র গানের সুরের আবেশে। চাঁদের আশায় আপন হাতে জ্বালানো প্রদীপ আজও নিভিয়ে ফেলে ভুল করে। বহুকাল ধরে সংগীতের মানচিত্রে বহু শিল্পীর আবির্ভাব হয়েছে এ পৃথিবীতে। এঁদের মধ্যে অনেক শিল্পীর গান মানুষের মনের অন্তঃপুরে সারা জীবন ধরে স্থায়ী আসন করে নেয়। আর সেই শ্রুতি সুখকর অনুভূতি নিয়ে যখন সারা পৃথিবীর মানুষের মনে একসাথে জেগে ওঠে সেই গান, তখন সেই শিল্পী হয়ে ওঠেন দেশজয়ী। মান্না দে তেমনই একজন ভুবন বিখ্যাত শিল্পী। সমগ্র বাংলা ভাষাভাষী তথা ভারতীয় উপমহাদেশের সমস্ত বাঙালির হৃদয়ের শিল্পী, আত্মার আপনজন মান্না দে। গানে সুরের আনাগোনা, সুরের বিন্যাস, সুরের অলংকার শ্রোতাদের মনে গানের কথা গেঁথে দিতেন- আর এ কারণেই বাঙালির কাছে মান্না দে'র গান বেশি জনপ্রিয় ও ব্যতিক্রমী। দারুন সাবলীলতায় কথা আর সুরের শুভ পরিণয় যেন। বাংলা গানের কথায় কিভাবে সুর দিয়ে প্রাণসঞ্চার করতে হয় তা শুনিয়েছেন মান্না দে। বিশ শতকের ত্রিশের দশকের শুরুতেই সূচিত হয়েছিল এ ধারা। আধুনিক বাংলা গানের জাগরণ পর্ব বলা হয়ে থাকে গত শতকের পঞ্চাশ ও ষাটের দশককে। সেই সময়ে আবির্ভাব ঘটে মান্না দে'র মত গুণী শিল্পীর, যিনি সংগীত প্রতিভা ও সাধনাকে কাজে লাগিয়ে সূচনা করেছিলেন আধুনিক বাংলা গানের এক নতুন পরিশীলিত ও ব্যতিক্রমী বৈশিষ্ট্যধারী গায়কীর। বর্তমান সময়ে হৃদয়গ্রাহী সঙ্গীত রূপে আধুনিক গান সব থেকে বেশি বিবেচিত। যদিও "বাংলা গানের বর্তমানে সংকট আছে। একদিকে সংকট এর ধারাবাহিক প্রগতির, আরেক দিকে সংকট নির্মাণের। ১৯৩০ দশকে আধুনিক বাংলা গানের যে প্রবাহটি গড়ে উঠেছিল সেটি অগ্রসর হচ্ছিল চমৎকার। দশক ক্রমে এর বিস্তার ঘটছিল।"[১]

বিভিন্ন ভাষায় গান গেয়ে বিখ্যাত হয়েছেন মান্না দে। শুধু বাংলাতে না হিন্দি, উর্দু, মারাঠী, তেলেগু, ভোজপুরী সহ বিভিন্ন ভাষায় অসংখ্য গান গেয়েছেন। বাংলা গীতকৌশলী সুরকার হিসেবেও ছিলেন সমকালে অপ্রতিদ্বন্দ্বী কণ্ঠের অভাবনীয় শ্রুতি মধুরতার জন্য বাংলা গানের ভুবনে ও বাঙালি শ্রোতাদের অন্তরে গায়ক মান্না দে চিরস্থায়ী আসনে বিরাজমান। মধুময় গায়কী ও দরদভরা কণ্ঠমাধুর্যের মাধ্যমে উপমহাদেশের এক দক্ষ গীতিময় প্রাণে পরিণত হয়েছেনে গায়ক মান্না দে। সুখশ্রবণ শিল্পী হিসেবে চিরদিন বাংলা গানের শ্রোতা ও গায়কদের মধ্যে সগৌরবে সমাদৃত তিনি। শ্রোতাদের মনের তৃপ্তি মিটিয়ে বাংলা



CamScanner